# বার্ষিক প্রতিবেদন

# অর্থবছর ২০২২-২৩



## বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, পোষ্ট বক্স নং- ২৪০, ঢাকা- ১২০৭

ইমেইল: info@baera.gov.bd

ওয়েবসাইট: www.baera.gov.bd

## পটভূমি:

স্বাধীনতার পর থেকেই বাংলাদেশে চিকিৎসা, শিল্প, গবেষণা এবং কৃষিখাতে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তি ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে আসছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বলিষ্ঠ নেতৃত্বে ১৯৭১ সালে স্বাধীনতা অর্জনের পর দেশে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তির শান্তিপূর্ণ ব্যবহার ত্বরান্বিত করার জন্য ১৯৭৩ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে (১৯৭৩ সালের ১৫নং আইন) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন প্রতিষ্ঠিত হয়েছিল। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের দায়িত্বে বিকিরণের ক্ষতিকর প্রভাব থেকে জনসাধারণ ও পরিবেশের সুরক্ষার জন্য সরকার কর্তৃক ১৯৯৩ সালে পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) আইন, ১৯৯৩ জারী করা হয় এবং পরবর্তীতে এতদ্‌সংক্রান্ত পানিবিনি বিধিমালা-১৯৯৭ প্রজ্ঞাপিত হয়। "২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ" বিষয়টি বিবেচনায় নিয়ে বর্তমান সরকার রূপপুরে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং সরকারের অগ্রাধিকার প্রাপ্ত ছয়টি (০৬) প্রকল্পের মধ্যে এটিকে চিহ্নিত করা হয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র এবং দেশের অন্যান্য নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসমূহের যথাযোগ্য নিরাপত্তা ও নিয়ন্ত্রণ সুনিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পানিবিনি আইন, ১৯৯৩ বতিল ও সংহতকরণপূর্বক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ প্রণয়ন করেন। উক্ত আইন মোতাবেক গত ১২ ফেব্রুয়ারী ২০১৩ তারিখে বাংলদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়।

## রূপকল্প (Vision) :

একটি নির্ভরযোগ্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি নিয়ন্ত্রণ, সুরক্ষা ও স্থিথিশীলতা নিশ্চিতকরণ।


## অভিলক্ষ্য (Mission) :

জনসাধারণ এবং বিকিরণ কর্মীদের জীবন ও স্বাস্থ্য সুরক্ষা এবং পরিবেশে বিরুপ প্রতিক্রিয়া নিয়ন্ত্রনের নিমিত্ত নিরাপত্তা, সিকিরিউটি, বিকিরণ সুরক্ষা ও সেফগার্ডস সংশ্লিষ্ট নিউক্লিয় নিয়ন্ত্রণমূলক কর্মসূচীর যথাযথ প্রতিপালন।

Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

## কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোর বিবরণ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ-এর প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত ৩৬০ টি পদের মধ্যে একজন চেয়ারম্যান ও চারজন সদস্যসহ মোট ১৩২ টি পদ সৃজিত হয়েছে। তার মধ্যে ১১১ টি পদে কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছেন।




Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

## কর্তৃপক্ষের প্রধান কার্যাবলিঃ

১. দেশে নিউক্লীয় নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং তদাধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার পরিপূর্ণ বাস্তবায়ন;

২. বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ধারা-১৮ অনুযায়ী সকল ধরনের নিউক্লীয় ও বিকিরণ স্থাপনা এবং নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থ এবং এদের বর্জ্য ও বিকিরণ উৎপন্নকারী যন্ত্রপাতির অনুমোদন প্রদান, অব্যাহতি প্রদান, স্থগিত এবং বাতিলকরণ;

৩. আয়নায়নকারী বিকিরণ এর সম্ভাব্য ঝুঁকির বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল অংশীজনদের সাথে সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং ইলেক্ট্রনিক, প্রিন্টমিডিয়া ও ইন্টারনেটের মাধ্যমে তথ্য প্রদান ও পরামর্শ;

৪. নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসহ সকল নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থের ভৌত সুরক্ষা, সেফগার্ডস এবং অবৈধ পাচারসহ নিউক্লীয় ও বিকিরণ নিরাপত্তা ও রেডিওলজিক্যাল জরুরী ব্যবস্থা সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি, এগ্রিমেন্ট, প্রটোকল ও কনভেনশন বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম পরিচালনা;

৫. নিউক্লীয় ও বিকিরণ নিরাপত্তা বিষয়ে বিদেশী নিউক্লীয় নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং আন্তর্জাতিক সংস্থা ও এজেন্সীর সাথে পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা এবং

৬. কর্মকর্তা/কর্মচারীদের জন্য মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও পরিচালনা।

## ২০২২-২০২৩ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যাবলী:

### পারমাণবিক নিরাপত্তা, সুরক্ষা ও সেফগার্ড বিভাগ এর কার্যাবলী:

(০১) বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে নিয়োজিত বিজ্ঞানী, প্রকৌশলী এবং জুনিয়র কনসালটেন্টগণ কর্তৃক রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ইউনিট-১ ও ইউনিট-২ এর রিঅ্যাক্টর ভবনসহ অন্যান্য সহায়ক ভৌত অবকাঠামোগত উন্নয়নে নিয়ন্ত্রণমূলক তদারকি ও কাজের মান যাচাই কার্যক্রম চলমান।

(০২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণ প্রকল্পের আওতায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের সকল কাজের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত রাশিয়ান ফেডারেশনের JSC "VO" "Safety" এর বিশেষজ্ঞগণ সার্বক্ষণিক পর্যবেক্ষণ চলমান আছে।

(০৩) ০৪-১৬ জুলাই ২০২২: কর্তৃপক্ষে নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের দশ (১০) জনের ১ম গ্রুপ রাশিয়ান ফেডারেশনের Rostechnadzor কর্তৃক ট্রেনিং কোর্স সম্পন্ন।

(০৪) ০১-০২ আগস্ট ২০২২: IAEA এর International Physical Protection Advisory Service (IPPAS) সংক্রান্ত দিনব্যাপী National Workshop অনুষ্ঠিত হয়।

(০৫) ০৩-০৪ আগস্ট ২০২২: IAEA এর International Physical Protection Advisory Service (IPPAS) সংক্রান্ত দিনব্যাপী Preparatory Meeting অনুষ্ঠিত হয়।

Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

(০৬) ০৮ আগস্ট ২০২২: সাভারস্থ TRIGA Mark II Research Reactor Facility এবং Radioactive waste management and health physics unit IAEA Safeguards Inspection with BAERA for Physical Inventory Verification (PIV).

(০৭) ২৮ আগস্ট ২০২২: সাভারে অবস্থিত 3 MW TRIGA MK - II Research Reactor চালনার লক্ষ্যে উক্ত ফ্যাসিলিটির ৬ জন বিজ্ঞানী/ প্রকৌশলীকে নতুন Reactor Operator (RO) লাইসেন্স প্রদাণ করা হয়।

(০৮) ১৯ অক্টোবর ২০২২: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-২ এর Reactor Pressure Vessel স্থাপন সংক্রান্ত উদ্বোধনী অনুষ্ঠানে যোগদানসহ প্রকল্পের বিভিন্ন স্থাপনা পরিদর্শনের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ০২ (দুই) জন সদস্য ও প্রকল্প পরিচালকের অংশগ্রহণ।

(১০) ২৬ নভেম্বর ২০২২ থেকে ০৮ ডিসেম্বর ২০২২: আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (IAEA) কর্তৃক পরিচালিত Integrated Regulatory Review Service (IRRS) মিশন পরিচালিত।

(১১) ২৮-২৯ নভেম্বর ২০২২: IAEA কর্তৃক পরিচালিত IRRS মিশন বিশেষজ্ঞগণসহ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প সাইট পরিদর্শন।

(১২) ২৯ নভেম্বর ২০২২: IAEA কর্তৃক পরিচালিত IRRS মিশন বিশেষজ্ঞগণসহ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাভারস্থ 3 MW রিসার্চ রিঅ্যাক্টর এবং Central radioactive waste processing and storage facility পরিদর্শন।

(১৩) ২৬ নভেম্বর ২০২২ থেকে ০৮ ডিসেম্বর ২০২২: আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (IAEA) এর Peer-Review Mission IRRS ঢাকায় অনুষ্ঠিত হয়।

(১৪) ২৯ নভেম্বর ২০২২: IAEA কর্তৃক পরিচালিত IRRS মিশন বিশেষজ্ঞগণসহ ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস (নিনমাস) পরিদর্শন।

(১৫) ২৯ নভেম্বর ২০২২: IAEA কর্তৃক পরিচালিত IRRS মিশন বিশেষজ্ঞগণসহ স্কয়ার হাসপাতাল লিমিটেড এর Radiation facility পরিদর্শন।

(১৬) ২৯ নভেম্বর ২০২২: IAEA কর্তৃক পরিচালিত IRRS মিশন বিশেষজ্ঞগণসহ বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এক্স-রে এর Industrial radiography facility পরিদর্শন।

(১৭) ০৫-০৭ ডিসেম্বর ২০২২: IAEA এর IRRS Mission এর ২ (দুই) জন বিশেষজ্ঞ এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর ১ (এক) জন কর্মকর্তা রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প সাইট পরিদর্শন করেন।

(১৮) ০৬ ডিসেম্বর ২০২২: IAEA এর IRRS Mission এর ১ (এক) জন বিশেষজ্ঞ এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর ১ (এক) জন কর্মকর্তা সাভারস্থ 3 MW TRIGA রিসার্চ রিঅ্যাক্টর পরিদর্শন করেন।

(১৯) ২৭ ডিসেম্বর ২০২২: IRRS Mission এর সুপারিশ বাস্তবায়নের উদ্দেশ্যে 'বিকিরণ উৎস/যন্ত্রপাতি আমদানি-রপ্তানি' বিষয়ক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অংশীজনদের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ড. মেহেরুন নাহার, পরিচালক, বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা (বিপবনি) বিভাগ এবং radiation generating equipment দেশে আমদানীর পর বিভিন্ন প্রতিষ্ঠানে installation, commission এর বিষয়ে সরবরাহকারীদের জন্য প্রযোজ্য regulatory compliance সংক্রান্ত একটি presentation উপস্থাপন করেন এবং অংশীজনদের সাথে আলোচনা করেন।

(২০) ২০ ফেব্রুয়ারি ২০২৩: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রকল্পের আওতায় কর্তৃপক্ষের রেসিডেন্ট ইন্সপেকটরস অফিস, গবেষণাগার, আবাসন ও রেস্ট হাউজ ভবন নির্মাণের জন্য নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প সাইটে জমি অধিগ্রহণের নিমিত্তে সরেজমিনে তদন্তে বাপশনিক প্রতিনিধির অংশগ্রহণ।



Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

(২২) ২১ মার্চ ২০২৩: Joint Meeting between BAERA, BAEC, JSC "VO "Safety" and JSC ASE on ongoing activities of Rooppur Nuclear Power Plant.

(২৩) ৩০ মার্চ ২০২৩: Joint Meeting between BAERA, Rostechnadzor and JSC "VO "Safety" on ongoing regulatory activities of Rooppur Nuclear Power Plant.

(২৪) ১৫ ফেব্রুয়ারি ২০২৩- ১৩ মার্চ ২০২৩: সাভারে অবস্থিত 3MW TRIGA MK-II Research Reactor এর একজনকে Senior Reactor Operator (SRO) লাইসেন্স নবায়ন করা হয়েছে।

(২৯) ০৫-০৮ জুন ২০২৩: Rooppur Nuclear Power Plants (BDB-, BDC- and BDD-) এর জন্য IAEA-এর Safeguards Inspector-এর ১টি টিম রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প সাইট পরিদর্শন করেন।

(৩০) ০৫-০৬ জুন ২০২৩: রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের পারমাণবিক জ্বালানী হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ঢাকা থেকে প্রকল্প এলাকায় পরিবহণের লক্ষ্যে ব্যবহৃত মূল সড়ক পরিদর্শন কার্যক্রম অনুষ্ঠিত।

(৩১) 'নিউক্লীয় পদার্থ ও নিউক্লীয় স্থাপনার ভৌত সুরক্ষা প্রবিধান, ২০২২'/'Regulations on physical protection of Nuclear Material and Nuclear Facilities, 2022' -এর সংশোধন পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ।

**পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ এর কার্যাবলী:**

পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ মানব সম্পদ উন্নয়ন, জনবল নিয়োগ এবং দক্ষতা বৃদ্ধিসহ বাপশনিক এর ভৌত অবকাঠামো উন্নয়নে ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে বাস্তবায়নকৃত "জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পটি জুন, ২০২২ এ সফলভাবে সম্পন্ন হয়েছে। প্রকল্পটির আওতায় নিম্নেবর্ণিত কার্যক্রম পরিচালিত হয়েছে:

- প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড হতে ০৪ টি মটরযান ক্রয় করা হয় ।
- বিদ্যমান বাপশনিক-এর ৮ম থেকে ১০ম তলার নির্মাণ কাজ সম্পন্ন করা হয়।
- মোট ২৪ টি প্রশিক্ষণের মাধ্যমে রেডিয়েশন ফ্যাসিলিটির ৫৮৯ জন কে প্রশিক্ষণ দেয়া হয়েছে ।
- ১৩৬ টি বৈদেশিক যন্ত্রপাতি ক্রয়ের কাজ সম্পন্ন করা হয়েছে।
- ২২ টি জেলার ১০৯০ টি বিকিরণ প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে।
- ১টি লিফট, সোলার সিস্টেম, ফায়ার সিস্টেম ইত্যাদি স্থাপন।

**বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ এর কার্যাবলী:**

- ০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত লাইসেন্স, পরিদর্শন এবং সংশ্লিষ্ট কার্যক্রম

- দেশব্যাপী মেডিকেল, শিল্প, গবেষণা ও কৃষি কাজে ব্যবহৃত বিকিরণ উৎস ও অন্যান্য কর্মকান্ডের বিকিরণ সুরক্ষা নিশ্চিতকল্পে বাপশনি আইন-২০১২ অনুযায়ী প্রদানকৃত নতুন লাইসেন্স: ৭২৭ টি
- দেশব্যাপী মেডিকেল, শিল্প, গবেষণা ও কৃষি কাজে ব্যবহৃত বিকিরণ উৎস ও অন্যান্য কর্মকান্ডের বিকিরণ সুরক্ষা নিশ্চিতকল্পে বাপশনি আইন-২০১২ অনুযায়ী প্রদানকৃত নবায়নকৃত লাইসেন্স: ১৭৬৯ টি
- দেশে প্রবেশকারী সকল বিকিরণ উৎসের পারমিট প্রদানের সংখ্যা: ৫২৫ টি

Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

- বাপশনি আইন-২০১২ অনুযায়ী বিকিরণ উৎপন্ন করেনা/ অব্যাহতিপ্রাপ্ত কর্মকান্ডের এনওসি প্রদানের সংখ্যা: ২৫ টি
- বাপশনি আইন-২০১২ অনুযায়ী দেশব্যাপী মেডিকেল, শিল্প, গবেষণা ও কৃষি কাজে ব্যবহৃত বিকিরণ উৎস ও অন্যান্য কর্মকান্ডের safety & security নিশ্চিত করে পরিচালনা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে Regulatory পরিদর্শন: ১৫১ টি
- আয়নায়নকারী বিকিরণ উৎস ব্যবহারের ক্ষেত্রে চিকিৎসা সম্পাত, গণ সম্পাত, পেশাগত সম্পাত নিয়ন্ত্রণ রেখে কোন জরুরী অবস্থা বিরাজ না করার জন্য কার্যক্রম সম্পন্ন।

**প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ এর কার্যাবলী:**

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭ অনুযায়ী বর্ণিত বিভাগ জনসাধারণ, বিকিরণ কর্মী ও পরিবেশের উপর আয়নায়নকারী বিকিরণের ঝুঁকি হ্রাসের লক্ষ্যে সুষ্ঠুভাবে বিকিরণ উৎস ব্যবহারের নিমিত্ত বিকিরণ কর্মী ও বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করে আসছে। উল্লেখিত প্রশিক্ষণ সমাপ্তির পর বর্ণিত বিভাগ পরীক্ষা গ্রহণ করে এবং সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের (RCO) সনদ প্রদান করে থাকে।

বর্ণিত বিভাগ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে ফ্যাসিলিটি অপারেটরদের জন্য আয়োজিত বিকিরণ সংক্রান্ত প্রশিক্ষণ কোর্স/কর্মশালা:

- প্রশিক্ষণ কোর্সের সংখ্যাঃ ১১ টি
- প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যাঃ ৩৮১ জন
- বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের মূল সনদ দেয়ার লক্ষ্যে মোট পরীক্ষার সংখ্যাঃ ২০ টি
- পরীক্ষায় পরীক্ষার্থীর অংশগ্রহণের সংখ্যাঃ ২২৫ জন
- পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীকে মূল সনদ প্রদানঃ ২০৫ জন

## কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণঃ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২-এর ধারা ১১ ও পানিবিনি বিধিমালা-১৯৯৭ অনুযায়ী কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করেন।

## কর্তৃপক্ষের সকল নিয়ম-কানুন, আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা,ম্যানুয়াল, ইত্যাদির তালিকাসহ উহার নিকট রক্ষিত তথ্যসমূহের শ্রেণী-বিন্যাসঃ

**আইন:** বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সনের ১৯ নং আইন);

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ইংরেজি সংস্করণ "The Bangladesh Atomic Energy Regulatory Act, 2012 (Act No 19 of 2012)" (১৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে প্রকাশিত);

Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

**বিধিমালা:** পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭ (এস আর ও নম্বর ২০৫- আইন/৯৭ ইং);

**প্রবিধানমালা:** বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০১৯ (গত ৩১ মে ২০১৯ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপিত);

**নীতিমালা:** বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নৈতিক নীতিমালা (ফেব্রুয়ারি ২০১৮ তারিখে প্রকাশিত);

**নির্দেশিকা:** বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৮ (হালনাগাদকৃত ২০২০)।

## কর্তৃপক্ষের নিকট হতে লাইসেন্স, পারমিট, এনওসি গ্রহণের শর্ত:

**লাইসেন্স গ্রহণের শর্ত:**

- চেয়ারম্যান, বাপশনিক-এর বরাবরে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী লাইসেন্স গ্রহণের আবেদন;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১০ অনুযায়ী আয়নায়নকারী বিকিরণ সংশ্লিষ্ট কর্মকান্ডের যৌক্তিকতা;
- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল ৪.১ হতে ৪.৮ এ প্রদত্ত শ্রেণীভেদে বর্ণিত ফরমে আবেদন;
- সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য তফসিল ৬ এ বর্ণিত নির্ধারিত ফী;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১০.১ (ঘ) অনুযায়ী নিরাপত্তা ও নিয়ন্ত্রণ এর শর্তাবলী;
- বিধি ১০.১ এর (ঙ) অনুযায়ী আর্থিক সঙ্গতি, (চ) অনুযায়ী দক্ষ ও যোগ্য মানবসম্পদ; এবং
- সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য আইন ও বিধিমালা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্ট ও কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত নিউক্লীয় ও বিকিরণ সংশ্লিষ্ট অন্যান্য সকল শর্ত মেনে চলা।

**পারমিট গ্রহণের শর্ত:**

- চেয়ারম্যান, বাপশনিক-এর বরাবরে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা , ১৯৯৭ অনুযায়ী পারমিট গ্রহণের আবেদন;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১১.২ অনুযায়ী আয়নায়নকারী বিকিরণ সংশ্লিষ্ট উৎসের আমদানী ও রপ্তানী পারমিটের প্রযোজ্য চাহিদা পূরণ;
- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল ১৮ এ প্রদত্ত ফরমে আবেদন;
- সংশ্লিষ্ট পারমিটের জন্য তফসিল ৭ এ বর্ণিত নির্ধারিত ফী;

**এন ও সি গ্রহণের শর্ত:**

নিম্নোক্ত শর্তে কাস্টমস থেকে খালাসের জন্য এন ও সি গ্রহণ করতে হয়;

- বিকিরণ উৎপন্ন করে না কিন্তু বিকিরণ যন্ত্রের সাথে সংশ্লিষ্ট মেশিনসমূহ;



Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

- Empty Trasport Container;
- Film Auto Processor Radiographic Equipment ইত্যাদি যা বিকিরণ সংশ্লিষ্ট নয়।

## নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই মেইল ঠিকানাঃ

নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই মেইল ঠিকানাঃ

| ক্রমিক নং | সংস্থার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল নম্বর | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|---|---|
| আপীল কর্মকর্তা | | | | |
| ১। | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) | প্রকৌ. মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান | টেলিফোন : ৮৮-০২- ২২২২১৮৪৬২<br>৮৮-০২- ২২২২১৮৫৮৬<br>মোবাইল : ০১৮১৯-২৪৭৫৭৭<br>ফ্যাক্স : ৮৮-০২- ২২২২১৮২১৫<br>ই-মেইল:<br>chairman@baera.gov.bd<br>mmhaque00@yahoo.com | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | | | | |
| ২। | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) | মোঃ আফছার উদ্দিন, মুখ্য প্রশাসনিক কর্মকর্তা | টেলিফোন: ৮৮-০২- ২২২২১৮২৪০<br>মোবাইল: ০১৬৮৩-৮৫৭১৫২<br>ফ্যাক্স: ৮৮-০২- ২২২২১৮২১৫<br>ই-মেইল: auddin@baera.gov.bd | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | | | | |
| | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) | আইয়ুব আলী সেক, এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার | টেলিফোন:৮৮-০২-২২২২১৮২৪৩<br>মোবাইল: ০১৯১১-৭০৭০৩২<br>ফ্যাক্স: ৮৮-০২- ২২২২১৮২১৫<br>ই-মেইল: aiubsheak@gmail.com | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |

## ২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত অন্যান্য উল্লেখযোগ্য কার্যাবলী

### আয় সংক্রান্ত তথ্য

২০২২-২৩ অর্থবছরে ১৭,২২,২৪,২২৮/- (সতের কোটি বাইশ লক্ষ চব্বিশ হাজার দুইশত আটাশ) টাকা মাত্র সেবাদান খাত হতে অর্জিত হয়।

Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

## বাজেট সংক্রান্ত তথ্য

| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের রাজস্ব বাজেট সমূহ | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অর্থবছর | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| বাজেট (হাজার টাকায়) | ২,৪১,৫০ | ৩,০০,০০ | ২,১৫,০০ | ২,২৫,০০ | ২,৪০,০০ | ২,৫২,০০ | ৩,০০,০০ | ৩,০০,০০ | ৩,৫০,০০ | ২,৬৩,৬০ |

* বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়েছে।

## জনসচেতনতা বৃদ্ধি

বিকিরণের ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষার উপায় সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়ঃ

- বিকিরণ উৎস ব্যবহারকারীর মধ্যে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে বিভিন্ন তথ্য এবং পরামর্শ প্রদান;
- বিকিরণ সুরক্ষা বিষয়ে পোস্টার, লিফলেট ও ব্রশিউর বিতরণ;
- বিকিরণ নিরাপত্তা বিষয়ে ইলেক্ট্রনিক, প্রিন্ট মিডিয়া ও ইন্টারনেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ;
- বাপশনিক এর সেবা সংক্রান্ত বিষয়ে গণশুনানি আয়োজন।

## চলমান উন্নয়ন প্রকল্পঃ

(১) "রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন" শীর্ষক প্রকল্প। প্রকল্পটির মেয়াদকাল জুলাই ২০১৯-জুন ২০২৫।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

❖ নিউক্লীয় রেগুলেটরী অবকাঠামো শক্তিশালীকরণ-

(ক) জনবল নিয়োগ এবং বর্তমানে কর্মরত সকল জনবলের প্রশিক্ষণ ও competency development;

(খ) কর্মকর্তা কর্মচারীদের যাতায়াত ও বাসস্থানের সুব্যবস্থা;

(গ) কর্মকর্তা কর্মচারীদের পেনশন ও জিপিএফ সুবিধা চালুকরণ;

(ঘ) Radiation Safety, Transport & waste Safety, নিউক্লিয়ার সেফটি, নিউক্লিয়ার সিকিউরিটি ও নিউক্লিয়ার সেফগার্ডস্সহ বাপশনি আইনের ধারা-৬৯ অনুযায়ী অন্যান্য প্রবিধানমালা প্রণয়ন;

❖ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী নিউক্লীয় নিরাপত্তা নিশ্চিত করে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন পর্যায়ের (Commissioning, Operation ইত্যাদি) লাইসেন্স/approval/permission প্রদান এবং

❖ সকল প্রকার বিকিরণ ঝুঁকি মোকাবেলায় জনগণকে সম্পৃক্ত করণ।

Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

## ভবিষ্যৎ পরিকল্পনা


- কর্তৃপক্ষের জন্য উপযুক্ত জনবল নিয়োগ।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Design and Construction Licence সংক্রান্ত কর্মকান্ডের Regulatory Supervision সহ JSC "VO "Safety" এবং Rostechnadzor এর সহযোগিতায় Updated PSAR, and Final Safety Analysis Report (FSAR) মূল্যায়নসহ এই বিদ্যুৎ কেন্দ্রের Installation, Commissioning এবং Operation Licence/Approval/Permission প্রদান এবং নিয়ন্ত্রণমূলক পরিদর্শন সম্পাদন।
- দেশব্যাপী স্থাপিত বিকিরণ স্থাপনার লাইসেন্স প্রদানসহ সম্ভাব্য বিকিরণ ঝুঁকি মোকাবেলায় বিকিরণকর্মীদের সম্পৃক্তকরণ।
- দেশে প্রবেশকারী সকল বিকিরণ উৎসের অনুমতি প্রদান।
- কর্মকর্তা/কর্মচারীদের জন্য মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও পরিচালনা।

## উপসংহার

পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর যথাযোগ্য প্রতিপালন এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদারকরণ, সুশাসন সংহতকরণ ও সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ অঙ্গীকারাবদ্ধ।

Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207

## বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর ২০২২-২৩ অর্থবছরে গুরুত্বপূর্ণ কার্যাবলীর ছবিঃ



বাপশনিক সদর দফতরে আসন্ন IAEA International Physical Protection Advisory Service (IPPAS) মিশনের জন্য গত ১-৪ আগস্ট, ২০২২ তারিখে আয়োজিত প্রস্তুতিমূলক সভা





গত ২৬ নভেম্বর থেকে ৮ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত Integrated Regulatory Review Service (IRRS) মিশনের উদ্বোধনী অনুষ্ঠানে IRRS বিশেষজ্ঞগণ, বাপশনিক চেয়ারম্যান, বাপশনিক সমন্বয়কারী এবং বাপশনিক উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ



বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সিনিয়র সচিব মহোদয়ের সাথে মতবিনিময় করেন Integrated Regulatory Review Service (IRRS) মিশনের বিশেষজ্ঞগণ


Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207






IAEA কর্তৃক পরিচালিত IRRS মিশন বিশেষজ্ঞগণসহ ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস (নিনমাস) পরিদর্শন।

IAEA কর্তৃক পরিচালিত IRRS মিশন বিশেষজ্ঞগণসহ স্কয়ার হাসপাতাল লিমিটেড এর Radiation facility পরিদর্শন।



IRRS Mission এর সুপারিশ বাস্তবায়নের উদ্দেশ্যে 'বিকিরণ উৎস/যন্ত্রপাতি আমদানি-রপ্তানি' বিষয়ক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভা।

Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207





১৩ জুন ২০২৩ তারিখ "জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকতা" বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে ৯ম গ্রেড হতে তদূর্ধ্ব কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন এবং প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন প্রকৌ. মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান, বাপশনিক, ঢাকা ও জনাব মুনীর চৌধুরী, মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।



শিল্পক্ষেত্রে Radiation Safety পরিদর্শন।




বাপশনিক এর কর্মকর্তাগণ কর্তৃক আজগর আলী মেডিকেল কলেজের এন্ড হাসপাতাল লিঃ এর C-ARM মেশিনের বিকিরণ কর্মকান্ড পরিদর্শন।


Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207



রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্প সাইটে নিয়ন্ত্রণমূলক পরিদর্শন



সেন্টার ফর রিসার্চ রিয়্যাক্টর, সাভারে নিয়ন্ত্রণমূলক পরিদর্শন



Industrial Practice-এর উপর আয়োজিত RCO প্রশিক্ষণ কোর্স




আরসিও প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ

Md. Afsar Uddin
Principal Administrative Officer
Bangladesh Atomic Energy Regulatory Authority
E-12/A, Agargaon, Dhaka-1207